

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
জেলা পরিষদ শাখা
www.lgd.gov.bd



শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

নং-৪৬.০০.০০০০.০৪২.২০.০০১.১৭-২১৪

তারিখ: ২৭ মাঘ ১৪২৭
১০ ফেব্রুয়ারি ২০২১

প্রাকক: চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার
স্থানীয় সরকার বিভাগ
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
হিসাব ভবন (৫ তলা, গেইট নং-৪)
সেগুন বাগিচা, ঢাকা।

বিষয়: ২০২০-২০২১ অর্থবছরে জেলা পরিষদ উন্নয়ন সহায়তা থোক বরাদ্দের বিভাজন অনুযায়ী 'মাননীয় মন্ত্রীর অভিপ্রায় অনুযায়ী বরাদ্দ' উপখাতের অর্থ ছাড় সংক্রান্ত।

আদিষ্ট হয়ে ২০২০-২০২১ অর্থ বছরের বাজেটে জেলা পরিষদ উন্নয়ন সহায়তা থোক বরাদ্দের বিভাজন অনুযায়ী 'মাননীয় মন্ত্রীর অভিপ্রায় অনুযায়ী বরাদ্দ' উপখাতের ৭৫.০০ (পঁচাত্তর কোটি) কোটি টাকা হতে ৪.৩৯ (চার কোটি উনচল্লিশ লক্ষ) কোটি টাকার ১ম ও ২য় কিস্তি বাবদ ২.১৯৫০ কোটি (দুই কোটি উনিশ লক্ষ পঞ্চাশ হাজার) টাকা ছাড়ের সরকারি মঞ্জুরি জ্ঞাপন করছি (বিস্তারিত বরাদ্দ নিম্নে প্রদর্শিত):

ক্রমিক নং	জেলা পরিষদের নাম	বরাদ্দের পরিমাণ (লক্ষ টাকায়)	ক্রমিক নং	জেলা পরিষদের নাম	বরাদ্দের পরিমাণ (লক্ষ টাকায়)
১.	ঢাকা	১০০.০০	৬.	দিনাজপুর	৪.৫০
২.	চট্টগ্রাম	২২.৫০	৭.	গোপালগঞ্জ	১.০০
৩.	কুমিল্লা	৮০.০০	৮.	মানিকগঞ্জ	৫.০০
৪.	মাদারীপুর	১.০০	৯.	ঝালকাঠি	০.৫০
৫.	কক্সবাজার	৫.০০		মোট	২১৯.৫০

(দুই কোটি উনিশ লক্ষ পঞ্চাশ হাজার)

- উক্ত অর্থ চলতি ২০২০-২০২১ অর্থবছরের মঞ্জুরি নং-৩৪ হিসাবের খাত-১৩৭০১০১/২২১০০০৬০০/৪১১১৩১৭ জেলা পরিষদ উন্নয়ন সহায়তা থোক উপখাত এর বরাদ্দ হতে নির্বাহ করা হবে।
- জেলা পরিষদের প্রধান নির্বাহী কর্মকর্তা/সচিবগণ (যেখানে প্রধান নির্বাহী কর্মকর্তা নেই) বরাদ্দকৃত অর্থের আয়ন-ব্যয়ন কর্মকর্তার দায়িত্ব পালন করবেন এবং বিধি মোতাবেক বরাদ্দকৃত অর্থ ব্যয়, হিসাব ও রেকর্ডপত্র অডিটের জন্য সংরক্ষণ করবেন।
- ছাড়কৃত অর্থ ব্যয়ের ক্ষেত্রে পিপিআর-২০০৮ অনুসরণসহ যাবতীয় আর্থিক বিধি-বিধান যথাযথভাবে পরিপালন করতে হবে। অর্থ ব্যয়ের ক্ষেত্রে ভবিষ্যতে কোনো অনিয়ম হলে সংশ্লিষ্ট বিল পরিশোধকারী কর্তৃপক্ষ দায়ী থাকবেন।
- এ অর্থ ছাড়ের বিষয়ে অর্থ বিভাগের গত ২৫/১১/২০২০ তারিখের ০৭.১১১.০১৪.০১.০১.০০৬.২০১১-৪২৯ নং স্মারকে সম্মতি জ্ঞাপন করা হয়েছে।

(মোহাম্মদ তানভীর আজম ছিদ্দিকী)

উপসচিব

ফোন: ৯৫৭৫৫৬৮


Email:lgzp@lgd.gov.bd

নং-৪৬.০০.০০০০.০৪২.২০.০০১.১৭-২৬৪

তারিখ: ২৭ মাঘ ১৪২৭
১০ ফেব্রুয়ারি ২০২১

অনুলিপি: সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। সিনিয়র সচিব, অর্থ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (দৃ: আ: সিনিয়র সহকারী সচিব, বাজেট শাখা-১১)।
- ২। অতিরিক্ত সচিব (প্রশাসন), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৩। যুগ্মসচিব (প্রশাসন অধিশাখা/পরিকল্পনা), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৪। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৫। পরিচালক, স্থানীয় সরকার (সংশ্লিষ্ট),.....বিভাগ।
- ৬। প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ (সংশ্লিষ্ট),।
- ৭। সিনিয়র সচিবের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৮। ডিভিশনাল কম্পিউটার অফিসার/একাউন্টস, ঢাকা/চট্টগ্রাম/রাজশাহী/খুলনা/বরিশাল/সিলেট/রংপুর/ময়মনসিংহ।
- ৯। জেলা হিসাব রক্ষণ কর্মকর্তা (সংশ্লিষ্ট),।
- ১০। প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের জন্য)।


(মোহাম্মদ তানভীর আজিম ছিদ্দিকী)
উপসচিব
ফোন: ৯৫৭৫৫৬৮